

মুর্শিদাবাদের আইন আদালতের ইতিহাস মূলতঃ মোগল যুগ থেকে। রাজা শশাঙ্কের সময় বা পাল যুগে অথবা সুলতানি আমলে আইন আদালতের ব্যবস্থা কি ছিল বা অপরাধীদের পরিসংখ্যানই বা কি সে বিষয়ে বিশেষ একটা জানা নে গেলেও মোগল আমল থেকে বাংলা সু বায় তথা মুর্শিদাবাদে আইন আদালতের একটা রূপরেখা পাওয়া যায়। আকবর চালু করেছিলেন আইনই আকবরী এবং শেরশাহের সূত্র ধরে গোটা দেশকে জরিপ করিয়েছিলেন রাজা টোডরমলকে দিয়ে। দেওয়ানী কার্যে রাজা টোডর মলের ভূমি জরিপি ব্যবস্থা এবং ফৌজদারী কার্যে আইনই আকবরী বিধি নিষেধই এই জেলায় এই কার্যকর ছিল।

ভূমি রাজস্বের ৫ ত্রে অষ্টাদশ শতকে কৃষক চাষ করতেন কয়েকটি নির্ধারিত বিধি অনুযায়ী এবং জমিদার মারফত তার উৎপন্ন ফসলের একাংশ ভূমি রাজস্ব বাবদ সরকারকে দিতে হত। কৃষক যে বিধি মেনে চলত তা পাট্টা নামক দলিলে লেখা থাকত এবং এই পাট্টা দিতেন জমিদার স্বয়ং। পাট্টায় লেখা ব্যতিরেকে অন্য কোন কর জমিদার আদায় করতে পারতেন না এবং কৃষক ভূমি রাজস্ব আদায় দিয়ে উপযুক্ত রসিদ পেতেন। বংশানুক্রমিক পাট্টাদার এবং খুদকান্ত এই তিন শ্রেণীর রায়ত বেশী সুবিধা ভোগ করতেন।